

# জাকসু নির্বাচন ৩১ জুলাই

অনলাইন ডেক্স

প্রকাশিত: ০৫:০৮, ১ মে ২০২৫



ছবি: সংগৃহীত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) নির্বাচন ২০২৫-এর তফসিল ঘোষণা করা হয়েছে। আগামী ৩১ জুলাই অনুষ্ঠিত হবে বহু প্রতীক্ষিত এই নির্বাচন।

বুধবার (৩০ এপ্রিল) দিবাগত রাত পৌনে ১টার দিকে বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসনিক ভবনের কাউন্সিল কক্ষে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রধান নির্বাচন কমিশনার

অধ্যাপক মো. মনিরুজ্জামান এ তফসিল ঘোষণা করেন।

তফসিল অনুযায়ী, আগামী ১২ মে খসড়া ভোটার তালিকা ও খসড়া আচরণবিধি প্রকাশ করা হবে। খসড়া ভোটার তালিকা ও আচরণবিধি বিষয়ে আপত্তি ও মতামত জমা দেওয়ার শেষ সময় ২১ মে। এরপর ৩০ জুন প্রকাশিত হবে চূড়ান্ত হালনাগাদ ভোটার তালিকা ও চূড়ান্ত আচরণবিধি।

প্রার্থীদের মনোনয়নপত্র সংগ্রহের সময় নির্ধারিত হয়েছে ১ জুলাই থেকে ৩ জুলাই পর্যন্ত। মনোনয়নপত্র জমা দেওয়া যাবে ১ জুলাই থেকে ৭ জুলাইয়ের মধ্যে। জমাকৃত মনোনয়নপত্র যাচাই-বাচাই শেষে ৯ জুলাই প্রকাশিত হবে খসড়া প্রার্থী তালিকা।

প্রার্থীদের যোগ্যতা সংক্রান্ত আপিল গ্রহণ করা হবে ১১ জুলাই এবং শুনানি শেষে ১৩ জুলাই দেওয়া হবে চূড়ান্ত রায়। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ সময় ১৪ জুলাই, আর চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ হবে ১৫ জুলাই।

নির্বাচনী প্রচারণা চলবে ১৬ জুলাই থেকে ২৮ জুলাই রাত ১২টা পর্যন্ত। একই দিনে, অর্থাৎ ১৬ জুলাই বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীদের তালিকাও প্রকাশ করা হবে।

নির্বাচনের দিন ৩১ জুলাই সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে এবং সেদিন রাতেই ফলাফল প্রকাশ করা হবে।

তফসিল ঘোষণার সময় আরও উপস্থিত ছিলেন নির্বাচন কমিশনের সদস্য সচিব ও বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক এ কে এম রাশিদুল আলম, সদস্য অধ্যাপক মাফরুহী সাত্তার, অধ্যাপক মো. লুৎফুল এলাহী এবং সহযোগী অধ্যাপক রেজওয়ানা করিম স্নিপ্হা।